

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১১, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ আশ্বিন, ১৪২২ বঙ্গাব্দ/০৮ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩০৩-আইন/২০১৫/৭৪৪-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ হাই-টেক পার্কে বিনিয়োগকারী প্রতিষ্ঠান এর ক্ষেত্রে পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত, ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-১৬৮-আইন/২০১৩/৬৭২-মুসক এর মাধ্যমে জারীকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত নিম্নবর্ণিত টেবিলের কলাম (২) ও (৩) এ বর্ণিত শিরনামা সংখ্যা ও সেবার কোড এর বিপরীতে কলাম (৪) এ বর্ণিত সেবাসমূহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর কলাম (৫) এ উল্লিখিত হারে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:—

“টেবিল

ক্রমিক নং	শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবার নাম	মূল্য সংযোজন কর অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	So৩৭	So৩৭.০০	যোগানদার (Procurement Provider)	১০০ (একশত) শতাংশ
২।	So৫৭	So৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী	৮০ (আশি) শতাংশ

(৮৩০৯)

মূল্য : টাকা ৪.০০

২। দফা ১ এর টেবিলের ক্রমিক নং ১ এর বিপরীতে কলাম (৪) যাহাই কিছুই থাকুক না কেন, উক্ত কলাম (৪) এ উল্লিখিত “যোগানদার” কর্তৃক সরবরাহকৃত পেট্রোলিয়াম জাতীয় দ্রব্যাদির ক্ষেত্রে কলাম (৫) এ বর্ণিত অব্যাহতির সুবিধা প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd